



২৩ অক্টোবর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

আর্থিক প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে সাইবার ড্রিল ২০২১ অনুষ্ঠিত

দেশের সাইবার নিরাপত্তা নিশ্চিতকল্পে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮-এর বিধান অনুযায়ী গঠিত বাংলাদেশ কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম (BGD e-GOV CIRT) এর আয়োজনে বাংলাদেশের ৫০তম বিজয় দিবস ও মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ২৩ অক্টোবর ২০২১ তারিখে আর্থিক প্রতিষ্ঠানের সাইবার ইনসিডেন্ট হ্যান্ডেলিং দক্ষতা বৃদ্ধির জন্য সাইবার ড্রিল ২০২১ অনুষ্ঠিত হয়। অনলাইনে আয়োজিত দিনব্যাপী উক্ত ড্রিলে ৩৮টি আর্থিক প্রতিষ্ঠান দলগতভাবে অংশগ্রহণ করে যেখানে ৫৫ নম্বর পেয়ে বাংলাদেশ ব্যাংক প্রথম স্থান লাভ করে। ৫২ নম্বর পেয়ে বিকাশ লিমিটেড দ্বিতীয় এবং ৪২ নম্বর পেয়ে যৌথভাবে তৃতীয় হয়েছে জনতা ব্যাংক লিমিটেড ও আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড।

FINANCIAL CYBER DRILL 2021			Home
1	Bangladesh Bank Cyber Drill Team -- Bangladesh Bank (0 members)	55	
2	Heimdall -- Bkash (0 members)	52	
3	IDLC Finance Limited -- IDLC Finance Limited (0 members)	42	
4	JBL Cyber Frontliners -- Janata Bank Limited (0 members)	42	
5	MBL_XForce -- Mercantile Bank Limited (0 members)	41	

এ সাইবার ড্রিলের সার্বিক সহায়তা ও তত্ত্বাবধানে ছিল ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (DSA) এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

তারেক এম. বরকতউল্লাহ
প্রকল্প পরিচালক, বিজিডি ই-গভ সাট
পরিচালক (অপারেশন), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি